

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি নং ৮৫/২০১৬

এ,

তারিখঃ- ০৩/০৫/২০১৬ খ্রি.।

বিষয়ঃ- বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগের সিভিল রিভিউ পিটিশন নং- ১৫৫/২০১৬ খারিজ হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং- ২৫৩২/২০১৪ এর রায়ের বিরুদ্ধে দায়েরকৃত সিভিল রিভিউ পিটিশন নং- ১৫৫/২০১৬ মাননীয় আদালত কর্তৃক ০৩ মে ২০১৬ খ্রি. তারিখ খারিজ হয়েছে। ফলে আপীল বিভাগ কর্তৃক সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং- ২৫৩২/২০১৪ মামলায় অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদ পূরণের পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয় অর্থাৎ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় অথবা জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণের আবশ্যিকতা না থাকা সংক্রান্ত প্রদত্ত সিদ্ধান্ত বহাল রয়েছে।

এমতাবস্থায়, অত্র কোর্ট কর্তৃক জারীকৃত সার্কুলার নং- ০৩/২০১৬ এ, তারিখঃ- ০৫/০৪/২০১৬ খ্রি. এর নির্দেশনানুযায়ী অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ পূরণের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতঃ এ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি অত্র কোর্টকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ

ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ registrar\_hcd@supremecourt.gov.bd

স্মারক নং ৩২৭৪

এ,


তারিখঃ- ০৩/০৫/২০১৬ খ্রি.।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। জেলা ও দায়রা জজ,----- (সকল)
- ২। মহানগর দায়রা জজ, --- (সকল)
- ৩। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----- (সকল)
- ৪। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)
- ৫। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,----- (সকল)
- ৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,----- (সকল)
- ৭। স্পেশাল জজ (জেলা জজ), ----- (সকল)
- ৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
- ৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----- (সকল)
- ১০। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১১। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল)
- ১২। বিচারক( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা
- ১৩। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা
- ১৪। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৫। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
- ১৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬